

জকসু নির্বাচনের প্রস্তুতিতে কমিটি গঠন

জবি প্রতিনিধি

০৭ অক্টোবর ২০২৫, ১০:৩৩ পিএম



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি)। ছবি: সংগৃহীত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) কেন্দ্রীয় ছাত্র সংসদ (জকসু) নির্বাচন সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে ৫ সদস্যের একটি নির্বাচন প্রস্তুতি কমিটি গঠন করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

আজ মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ক্লাটিন দায়িত্ব) অধ্যাপক ড. শেখ রফিকুল ইসলাম স্বাক্ষরিত এক অফিস আদেশে বিষয়টি জানানো হয়।

কমিটিতে আহ্বায়ক হিসেবে রয়েছেন সমাজকর্ম বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোস্তফা হাসান ও কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. আনিসুর রহমান।

এ ছাড়া কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালন করবেন আইন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. শহিদুল ইসলাম, পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. কানিজ ফাতেমা কাকলী এবং কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের অধ্যাপক ড. মো. জুলফিকার মাহমুদ।

অফিস আদেশে আরও বলা হয়, গঠিত কমিটি জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (জকসু) সংক্রান্ত বিধি পাস না হওয়া পর্যন্ত নির্বাচন সংশ্লিষ্ট যাবতীয় প্রস্তুতিমূলক কার্যক্রম সম্পাদন করবে।

এর আগে, গত ১৬ সেপ্টেম্বর অনশন কর্মসূচি শুরু করে শিক্ষার্থীরা। এরপর গত ১৭ সেপ্টেম্বর জকসুর রোডম্যাপ প্রকাশ করে বিশ্ববিদ্যালয় প্রশাসন যা আইন পাস হওয়া সাপেক্ষে বাস্তবায়ন করা হবে জানানো হয়। ওই রোডম্যাপ অনুযায়ী নির্বাচন আগামীকাল বুধবার (৮ অক্টোবর) নির্বাচন কমিশন এবং ২৭ নভেম্বর নির্বাচন

অনুষ্ঠিত হবে বলে জানানো হয়।